দৈনিক সংবাদ

তারিখ ... MAR. 1 1. 1999 ... ...
পৃষ্ঠা ৫ কলাম ৬

105

# প্রকাশিত খবর প্রসঙ্গে-

গত ১লা ফেব্রুয়ারি দৈনিক সংবাদ পত্রিকায় "চাঁপাইনবাবগঞ্জে প্রাথমিক শিক্ষার প্রয়োজনীয় বই মেলেনি। উত্তরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলোতে বই সংকট ॥ ছাত্ররা খালিহাতে স্কুলে যাচ্ছে" শিরোনামে প্রকাশিত খবরটি বস্তুনিষ্ঠ নয় বলে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড তার প্রতিবাদ করে নিম্নরূপ বক্তব্য দিয়েছে :

চাঁপাইনবাবগঞ্জ, নীলফামারী, গাইবান্ধা, কুড়িগ্রাম, পঞ্চগড় ও বগুড়া জেলায় ইতোমধ্যে বরাদ্দ অনুযায়ী পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে। নীলফামারী, পঞ্চগড়, বগুড়া, গাইবান্ধা ও কুড়িগ্রাম ৫টি জেলায় মোট পাঠ্য পুস্তকের বরাদ্দ ছিল ৪৬,৮২,০০০ কপি অথচ প্রকাশিত খবরে মোট চাহিদার পরিমাণ উল্লেখ করা হয়েছে ৫৬,৯৭,৫৯৭ কপি। এছাড়া উপরিউক্ত ৬টি জেলার প্রত্যেক থানাতেই পাঠ্যপুস্তক বিতরণের নিমিত্ত জেলা অফিস থেকে বই সরবরাহ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক এনসিটিবি-কে জানানো হয়েছে। সুতরাং উত্তরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলোতে বই সংকট। এখন পর্যন্ত ছাত্রছাত্রীরা খালি হাতে স্কুলে যাচ্ছে এবং বরাদ্দকৃত পাঠ্যপুস্তকের অর্ধেকও পৌঁছেনি মর্মে প্রকাশিত খবরটি সঠিক নয়।